দৈনিক বাংলা

তারিখ 29 OCT 1995
পৃষ্ঠা ৬ কলাম ৬

61

যশোর বোর্ড

# এবার দুর্নীতি দমন ব্যুরো রেজিস্ট্রেশন কেলেংকারির তদন্ত করছে

**যশোর ব্যুরো :** যশোর শিক্ষা বোর্ডের রেজিস্ট্রেশন কেলেংকারি নিয়ে এবার দুর্নীতি দমন ব্যুরো তদন্ত শুরু করেছে। কেলেংকারিতে জড়িতদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নেয়া হলেও তাদের বিচারের সম্মুখীন হবার কোন সুপারিশ বোর্ড [illegible] তদন্ত কমিটি করেনি। দুর্নীতি দমন ব্যুরো তদন্ত শুরু করায় এখন [illegible] বিচারের মুখোমুখি হতে হবে। [illegible] সূত্র এ খবর জানায়।

জানা গেছে, দুর্নীতি দমন ব্যুরোর চাহিদা মত কেলেংকারি সংক্রান্ত কিছু কাগজপত্র ইতিমধ্যে শিক্ষা বোর্ড সরবরাহ করেছে। শিক্ষা বোর্ড তদন্ত কমিটির রিপোর্ট চেয়ে দুর্নীতি দমন ব্যুরো শিক্ষা বোর্ডের চেয়ারম্যানকে পত্র দিয়েছে। কিন্তু এখনও ব্যুরোকে শিক্ষা বোর্ডের পক্ষ থেকে তদন্ত কমিটির রিপোর্ট সরবরাহ করা হয়নি।

চলতি বছরের এসএসসি পরীক্ষার আগে শিক্ষা বোর্ডের দুর্নীতিপরায়ণ কর্মকর্তা ও কর্মচারীরা কিছু মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের সাহায্যে হাজার হাজার ছাত্র-ছাত্রীকে ভুয়া রেজিস্ট্রেশন দেন। এদের প্রত্যেকের কাছ থেকে পাঁচ থেকে সাত হাজার টাকা করে উৎকোচ নেয়া হয় বলেও অভিযোগ রয়েছে। ১৫ হাজার ভুয়া রেজিস্ট্রেশন ঘটনা প্রকাশ পায় এবং এদের পরীক্ষার আবেদন বাতিল করা হয়। শিক্ষা বোর্ড কমিটি একটি তদন্ত কমিটির সুপারিশমত ২৩ জন কর্মকর্তা-কর্মচারীর বিরুদ্ধে চাকচ্যুতিসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করেছে। যাদের বিরুদ্ধে শিক্ষা বোর্ড ব্যবস্থা নিয়েছে, তারা যশোর শহর ও আশপাশে অঢেল সম্পত্তির মালিক। দুর্নীতি দমন ব্যুরো এ বিষয়টিও তদন্ত করে দেখবে।